



বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)

BANGLADESH INSTITUTE OF DEVELOPMENT STUDIES [BIDS]

A Statutory Research Institute of the Ministry of Planning



নং-২০.০৮.০০০.০০০০.২০০.১১.০০৩.২৬.১৩৭

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

| ক্রঃ নং | পদের নাম | সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং বয়স | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী |
|---------|-------------|--------|--|---|
| ১. | প্রোগ্রামার | ১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অনূন্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অনূন্য ০৪ (চার) বৎসরের চাকুরি; (গ) প্রোগ্রামিং করার ক্ষেত্রে অন্তত ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা প্রয়োজন। (ঘ) ওয়েব ডিজাইন, ডেভেলপমেন্ট এবং ওয়েব সিকিউরিটি বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। (ঙ) Python Programming Language ও Stata Programming জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। বয়সঃ সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বৎসর। | গ্রেড-৬: ৩৫৫০০-৬৭০১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা। |
| ২. | গাড়িচালক | ১ | দশম শ্রেণি এবং অবশ্যই একটি সুপরিচিত প্রতিষ্ঠানে ড্রাইভার হিসাবে ৩ বছরের অভিজ্ঞতাসহ হালকা যান এর জন্য বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হবেন। কর্তৃপক্ষের ইচ্ছাধীন প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। | গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা। |
| ৩. | অফিস সহায়ক | ৪ | অষ্টম শ্রেণি। বয়স: অনূর্ধ্ব ৩২ বছর। | গ্রেড-২০: ৮২৫০-২০০১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা। |

ক) পরীক্ষায় পাশের প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ/পাশের সন উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (২১/০৬/২০২৬ তারিখে আবেদনকারীর বয়স এবং যোগাযোগের জন্য মোবাইল নম্বর উল্লেখসহ) সম্বলিত আবেদনপত্র, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপিসহ আগামী ২১/০৬/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় পৌঁছাতে হবে।

খ) আবেদনপত্রের সাথে "সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা" শিরোনামে অগ্রণী ব্যাংক পিএলসি, প্রধান শাখা, ঢাকা এর অনুকূলে ১ নং পদের জন্য ২০০/- ও ২ নং পদের জন্য ১০০/- এবং ৩ নং পদের জন্য ৫০/- টাকার পে-অর্ডার/ডিডি (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

গ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঘ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের পরীক্ষায় ডাকা হবে।

চ) খামের উপর বামপাশে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

ছ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো আবেদনপত্র/নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

জ) নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

ঝ) কোনো তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সুবাস চন্দ্র সাহা

সচিব (চলতি দায়িত্ব)